# পল্লী বিদ্যুৎ সংবাদ বিচিত্রা

বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড এর মুখপত্র

বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড

IMS (ISO 9001, ISO 14001 & OHSAS 18001) Certified

৪২ বর্ষ ২৫ সংখ্যা | জনসংযোগ পরিদপ্তর কর্তৃক প্রকাশিত | মে-জুন ২০১৭


## শতভাগ উপজেলা বিদ্যুতায়ন প্রকল্প একনেকে অনুমোদিত বিদ্যুৎ সংযোগ পাবে আরো ২৭ লাখ নতুন গ্রাহক

ভিশন-২০২১ অনুযায়ী ঘরে ঘরে বিদ্যুৎ সংযোগ প্রদানের উদ্যোগ নিয়েছে সরকার। এই উদ্যোগ বাস্তবায়নের অংশ হিসেবে গত ২০ জুন মঙ্গলবার জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটির (একনেক) সভায় বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ডের দু'টি নতুন প্রকল্প অনুমোদন লাভ করে। প্রকল্প দু'টি হলো শতভাগ বিদ্যুতায়নের জন্য বিতরণ ব্যবস্থার সম্প্রসারণ (ঢাকা, ময়মনসিংহ, চট্টগ্রাম ও সিলেট বিভাগ) প্রকল্প এবং শতভাগ বিদ্যুতায়নের জন্য বিতরণ ব্যবস্থার সম্প্রসারণ (রাজশাহী, রংপুর, খুলনা ও বরিশাল বিভাগ) প্রকল্প। সাত হাজার ১৩২ কোটি টাকা ব্যয়ে প্রথম প্রকল্পটির আওতায় ৩৯ হাজার ১০০ কিলোমিটার এবং ছয় হাজার ৭৭৭ কোটি টাকা ব্যয়ে দ্বিতীয় প্রকল্পটির আওতায় ৩৮ হাজার ১০ কিলোমিটার নতুন বিতরণ লাইন নির্মাণ করা হবে। নতুন বিতরণ লাইন নির্মাণের পাশাপাশি নিরবচ্ছিন্ন সংযোগ নিশ্চিত করতে ২৫৯০ এমভিএ ক্ষমতা সম্পন্ন ২৬২টি সাব-স্টেশন, ১০১ সেট রিভার ক্রসিং টাওয়ার, ২৮টি অফিস ভবন এবং ৭৯টি ডি/ই/এফ কোয়ার্টার নির্মাণ করা হবে। সবমিলিয়ে প্রকল্প দু'টি বাস্তবায়নে মোট ১৩০৯.২২ কোটি টাকা ব্যয় হবে। বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড ২০১৯ সালের ডিসেম্বরের মধ্যে প্রকল্প দু'টি বাস্তবায়ন করবে। এ দু'টি প্রকল্প বাস্তবায়িত হলে আরো ২৭ লাখ গ্রাহক বিদ্যুৎ সংযোগের আওতায় আসবে। সেই সাথে ২০২১ সালের মধ্যে দেশের প্রতিটি ঘরে বিদ্যুৎ সুবিধা পৌঁছে দেওয়ার বর্তমান সরকারের প্রতিশ্রুতি বাস্তবায়নে অনেক দূর এগিয়ে যাবে বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড।

## বাপবিবোর্ডে নতুন সেটআপ অনুমোদনের মাধ্যমে ৪৭৪টি পদ সৃজন

সরকার কর্তৃক বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড এর অনুকূলে অস্থায়ীভাবে রাজস্ব খাতে স্বল্প (২০১৬-১৭) ও মধ্য মেয়াদে (২০১৮-১৯) বিভিন্ন ক্যাটাগরীর যথাক্রমে ৪১০ ও ৬৪টি মোট ৪৭৪ টি পদ সৃজন করা হয়। পদসমূহ সৃজনের ফলে প্রায় ২০৪ জনের পদোন্নতি ছাড়াও প্রায় ৪৬৯ জনকে নতুন করে নিয়োগ প্রদান সম্ভব হবে। ফলে বিভিন্ন সময় গৃহীত প্রকল্পের আওতায় নির্মিত বৈদ্যুতিক লাইন ও অন্যান্য স্থাপনা রক্ষণাবেক্ষণ এবং নতুন সংযোগপ্রাপ্ত গ্রাহকদের নিরবচ্ছিন্ন গ্রাহকসেবা প্রদানের নিমিত্ত পল্লী বিদ্যুৎ সমিতিসমূহ মানসম্মত ও নিবিড় মনিটরিং নিশ্চিতকরণ সম্ভব হবে বলে আশা করা যায়। জনবল বৃদ্ধির ফলে প্রতিষ্ঠানটির সাংগঠনিক কাঠামো যুগোপযোগী করাসহ ভবিষ্যৎ চ্যালেঞ্জ মোকাবেলায় তথ্য প্রযুক্তি (IT), জিওগ্রাফিক্যাল ইনফরমেশন সিস্টেম (জিআইএস), এনার্জি অডিট এন্ড ট্যারিফ, গ্রীড এন্ড সাব-স্টেশন, এস্টেট এন্ড লজিস্টিক, পবিস অডিট, পবিস তদন্ত ও অনুসন্ধান, লিগ্যাল এ্যাফেয়ার্স, পবিস মানব সম্পদ, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা, পরিবেশ ও সামাজিক পরিবীক্ষণ এবং গবেষণা ও উন্নয়নসহ সদর দপ্তরে নতুন কিছু দাপ্তরিক শাখা সৃষ্টি সম্ভব হবে। সরকারের ভিশন-২০২১ বাস্তবায়ন সহজসাধ্য করণের লক্ষ্যে মাঠ পর্যায়ে ২টি তত্ত্বাবধায়ক প্রকৌশলীর কার্যালয় এবং ৮টি নির্বাহী প্রকৌশলীর কার্যালয় স্থাপন করে বিদ্যুতায়ন কার্যক্রম দ্রুত সম্প্রসারণসহ নির্বাহী প্রকৌশলীর নেতৃত্বে ৩টি ওয়ার্কশপ স্থাপনপূর্বক পল্লী বিদ্যুৎ সমিতিসমূহের বৈদ্যুতিক সরঞ্জামাদি মেরামতে সহযোগিতাসহ সমিতির উদ্যোগে মেরামত কাজ ক্লোজ মনিটরিং এর মাধ্যমে গ্রাহক সেবার মান বৃদ্ধি পাবে এবং সামগ্রিক পরিচালন ও রক্ষণাবেক্ষণ ব্যয় বহুলাংশে হ্রাস করা সম্ভব হবে।

## দিনাজপুর পবিস-১ এর ব্যবস্থাপনা ও পরিচালন নিরীক্ষা পর্যালোচনা সভা অনুষ্ঠিত



ই-টাইপ ভবন শুভ উদ্বোধনের পর মোনাজাত করেন বাপবিবোর্ডের চেয়ারম্যান মেজর জেনারেল মঈন উদ্দিন। এ সময় বাপবিবোর্ড ও সমিতির কর্মকর্তা/কর্মচারীগণ উপস্থিত ছিলেন।

গত ৫ মে সমিতির বোর্ড সভা কক্ষে ব্যবস্থাপনা ও পরিচালন নিরীক্ষা পর্যালোচনা সভা ২০১৭ অনুষ্ঠিত হয়। সভায় বাপবিবোর্ডের মাননীয় চেয়ারম্যান মেজর জেনারেল মঈন উদ্দিন সভাপতিত্ব করেন। চেয়ারম্যান মহোদয় পর্যালোচনা সভা শুরুর পূর্বেই দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর নব নির্মিত ই-টাইপ পাঁচ তলা ভবনের ফলক উন্মোচন পূর্বক শুভ উদ্বোধন করেন। তিনি দিনাজপুর পবিস-১ এর সদর দপ্তর ক্যাম্পাসের ই-টাইপ ভবন শুভ উদ্বোধনের পর স্মৃতি স্বরূপ গৌড়মতি আমের চারা রোপন করেন।

## পাবনা পবিস-১ এর উদ্যোগে গ্রাম শুভ বিদ্যুতায়ন



সুইচ টিপে বিদ্যুতায়নের শুভ উদ্বোধন করেন ভূমি মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী।

গত ২৬ মে পাবনা পবিস-১ এর ভৌগলিক এলাকায় আটঘরিয়া উপজেলা পরিষদ মিলনায়তনে বিদ্যুতায়নের শুভ উদ্বোধন করেন ভূমি মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী শামসুর রহমান শরীফ, এমপি। এ সময় পবিস এর জেনারেল ম্যানেজার শাহ্ জুলফিকার হায়দার, পিইঞ্জ, সমিতি বোর্ডের সচিব মাহতাব হোসেন, আটঘরিয়া উপজেলা নির্বাহী অফিসার, আটঘরিয়া থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা, স্থানীয় রাজনৈতিক নেতৃবৃন্দ ও বিদ্যুৎ সুবিধাভোগী গ্রাহকগণ উপস্থিত ছিলেন। আটঘরিয়া উপজেলার পৌরসভা ও সকল ইউনিয়নের প্রায় ৫০০টি স্পটের ৫ হাজারের অধিক নতুন বিদ্যুৎ সংযোগ উদ্বোধনের পর মাননীয় মন্ত্রী সংক্ষিপ্ত বক্তব্য রাখেন।

## ফেনী পবিস এর উদ্যোগে গ্রাম শুভ বিদ্যুতায়ন



সুইচ টিপে গ্রাম বিদ্যুতায়নের শুভ উদ্বোধন করেন বাপবিবোর্ডের চেয়ারম্যান মেজর জেনারেল মঈন উদ্দিন।

গত ২ মে বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ডের মাননীয় চেয়ারম্যান মেজর জেনারেল মঈন উদ্দিন বিদ্যুতায়ন অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে উঃ চরদরবেশ, দঃ চরদরবেশ, চরসাহাভিকারী ও পালগিরি গ্রামের ৬টি স্পট আনুষ্ঠানিকভাবে বিদ্যুতায়ন কার্যক্রমের শুভ উদ্বোধন করেন। উল্লেখিত গ্রামগুলোতে প্রায় ২ কোটি ৫৫ লক্ষ টাকা ব্যয়ে নির্মিত ১৭ কিঃমিঃ বৈদ্যুতিক লাইনে ৬২০ জন বিভিন্ন শ্রেণীর গ্রাহককে বিদ্যুৎ সংযোগ প্রদান করা হয়। উক্ত অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন সমিতি বোর্ডের সভাপতি আবদুল মোতালেব, জেনারেল ম্যানেজার (অঃ দাঃ) মোঃ আবু বকর শিবলী, স্থানীয় নেতৃবৃন্দসহ বিদ্যুৎ প্রত্যাশী সম্মানিত গ্রাহকবৃন্দ। নতুন বিদ্যুৎ সংযোগ প্রাপ্ত গ্রাহকদের অভিনন্দন জানিয়ে চেয়ারম্যান মহোদয় তাঁর বক্তব্যে বলেন, আগামী ডিসেম্বরের মধ্যে সোনাগাজীর চরদবেশ ইউনিয়নের প্রত্যেক ঘরে বিদ্যুৎ সংযোগ পৌঁছাবে। তিনি অনুষ্ঠানে উপস্থিত গ্রাহক সদস্যদের বিদ্যুতের সুব্যবহার এবং উৎপাদনশীল খাতে বিদ্যুৎ ব্যবহার করে বর্তমান সরকারের কাঙ্ক্ষিত উন্নয়নের ধারা অব্যাহত রাখার অনুরোধ করেন। তাছাড়া, সম্মানিত গ্রাহক সদস্যদের নিরাপদ ও সাশ্রয়ীভাবে বিদ্যুৎ ব্যবহার, অবৈধভাবে বিদ্যুৎ ব্যবহারকারীদের প্রতিরোধ, নিয়মিত বিদ্যুৎ বিল পরিশোধ করে সমিতির কার্যক্রমে সহযোগিতা করার অনুরোধ করেন।

## দিনাজপুর পবিস-১ এর উদ্যোগে গ্রাম শুভ বিদ্যুতায়ন



বিদ্যুতায়ন কার্যক্রমের শুভ উদ্বোধন করেন মাননীয় হুইপ ইকবালুর রহিম, এমপি।

গত ২, ৩ ও ৪ জুন দিনাজপুর-৩ আসনের মাননীয় সংসদ সদস্য ও জাতীয় সংসদের মাননীয় হুইপ ইকবালুর রহিম, এমপি দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর আওতাধীন সদর উপজেলার শংকরপুর, কমলপুর এবং চেহেলগাজী ইউনিয়নে ২৩টি গ্রামের শতভাগ বিদ্যুতায়নের শুভ উদ্বোধন করেন। উল্লেখিত গ্রামগুলোতে সর্বমোট ৪০.৪৭ কিলোমিটার লাইন নির্মাণের মাধ্যমে মোট ১৭৮৯ জন স্টেকিংভুক্ত গ্রাহককে বিদ্যুৎ সংযোগ প্রদান করা হয়। উক্ত উদ্বোধনী অনুষ্ঠানে দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর সিনিয়র জেনারেল ম্যানেজার কাজী মোহাম্মদ আলী, জেলা ও উপজেলা প্রশাসনের কর্মকর্তাসহ স্থানীয় রাজনৈতিক দলের নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন। প্রধান অতিথি তাঁর বক্তব্যে উল্লেখ করেন, সরকার এ অঞ্চলের জনসাধারণের দীর্ঘদিনের প্রত্যাশা পুরনের লক্ষ্যে দ্রুততম সময়ের মধ্যে গ্রামের পর গ্রাম বিদ্যুৎ লাইন নির্মাণ করে বিদ্যুৎ সংযোগ প্রাপ্তির স্বপ্ন বাস্তবায়ন করে চলছে।

## ফেনী পবিস পরিদর্শনে বিশ্ব ব্যাংক প্রতিনিধি দল



উপকেন্দ্রে পরিদর্শনকালে সদস্য (পরিকল্পনা ও উন্নয়ন) এর সাথে বিশ্ব ব্যাংক প্রতিনিধি দল।

গত ৭ মে বিশ্ব ব্যাংকের আর্থিক সহায়তায় বাপবিবোর্ডের চলমান UREDS; DCSD প্রকল্পের আওতায় দাগনভূঞা ও সোনাগাজী ৩৩/১১ কেভি উপকেন্দ্রের নির্মাণ অগ্রগতি পরিদর্শন করেন বিশ্ব ব্যাংকের ৪ সদস্য বিশিষ্ট একটি প্রতিনিধি দল। এ প্রতিনিধি দলে ছিলেন Senior Energy Specialist and Task Team Leader Mr. Issa Doaw, Senior Energy Specialist Mr. Zubair K M Sadeque, Senior Operations Officer Mr. Panos Vlahakis, Senior Procurement Specialist and Co-task Team Leader Mr. Ishtiak Siddique. এ সময় তাঁদের সাথে NRECA এর ৩ সদস্য বিশিষ্ট একটি দল উপস্থিত ছিলেন। পরিদর্শনকালে প্রতিনিধি দলের সাথে উপস্থিত ছিলেন বাপবিবোর্ডের সদস্য (পরিকল্পনা ও উন্নয়ন) মোঃ মোস্তফা কামাল, ফেনী পবিস এর জেনারেল ম্যানেজারসহ বাপবিবোর্ড ও পবিস এর অন্যান্য কর্মকর্তাবৃন্দ। বিশ্ব ব্যাংক প্রতিনিধি, NRECA এর প্রতিনিধিসহ পরিদর্শক দল উপকেন্দ্রের নির্মাণ কাজের অগ্রগতিতে সন্তোষ প্রকাশ করেন।

## দিনাজপুর পবিস-১ পরিদর্শনে বাপবিবো সদস্য (প্রশাসন)




মত বিনিময় সভায় বাপবিবো সদস্য (প্রশাসন)।

গত ২৩ এপ্রিল সমিতির বিভিন্ন কার্যক্রম সম্পর্কিত এক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাপবিবোর্ডের সদস্য (প্রশাসন) মোঃ ইয়াকুব আলী পাটওয়ারী। উক্ত সভায় রংপুর জোন এর তত্ত্বাবধায়ক প্রকৌশলী, নির্বাহী প্রকৌশলী (প্রকল্প) সহ সমিতির ৩২ জন কর্মকর্তা উপস্থিত ছিলেন। সভায় সমিতির সিনিয়র জেনারেল ম্যানেজার কাজী মোহাম্মদ আলী সভাপতিত্ব করেন। সভায় প্রধান অতিথি উপস্থিত সকল কর্মকর্তা/কর্মচারীদের সালাম ও শুভেচ্ছা জানিয়ে বক্তব্য শুরু করেন। তিনি নিজের পরিচয় প্রদানপূর্বক উপস্থিত সকলের পরিচিতি গ্রহণ করেন। প্রধান অতিথি সভার শুরুতেই সংযোগ বিচ্ছিন্নের বিষয়ে মতামত জানতে চান। বকেয়া আদায়/সংযোগ বিচ্ছিন্নকালীন সময়ে যে বাড়িতে মহিলা উপস্থিত থাকবেন সে ক্ষেত্রে সংযোগ বিচ্ছিন্ন না করে ৭ দিন সময় দেওয়ার পরামর্শ দেন। তিনি দাপ্তরিক কাজের পাশাপাশি সকল কর্মকর্তা/কর্মচারীদের খেলাধুলা করা, বই/পত্রিকা পড়া ও চিত্ত বিনোদনমূলক কাজ করার আহ্বান জানান। যতটুকু সার্ভিস ড্রপ তার ও মিটার পাওয়া যায় তার আলোকে দ্রুত ব্যবহার নিশ্চিত করার নির্দেশনা প্রদান করেন। এছাড়া, তিনি বকেয়া আদায় কার্যক্রম সঠিকসময়ে সম্পন্ন করার জন্য সকলকে পরামর্শ প্রদান করেন। পরিশেষে সমিতির উন্নয়নের স্বার্থে সকলকে আরও অধিক কর্মতৎপরতা প্রদর্শনপূর্বক ও বিবেক সম্পন্ন থেকে একযোগে আন্তরিকতা ও স্বতঃস্ফূর্তভাবে কাজ করার আহ্বান জানান। সদস্য (প্রশাসন) মহোদয় পবিস এর সদর দপ্তর ক্যাম্পাসে একটি হাড়ীভাঙ্গা আমের চারা রোপন করেন।

## মতবিনিময় সভায় বাপবিবোর্ডের সদস্য (সমিতি ব্যবস্থাপনা)




বগুড়া পবিস-১ ও ২ এর কর্মকর্তা/কর্মচারীগণের সাথে মতবিনিময় করেন বাপবিবোর্ডের সদস্য (সমিতি ব্যবস্থাপনা) মোঃ ইমদাদুল ইসলাম।

গত ২১ এপ্রিল বগুড়া পবিস-১ এবং বগুড়া পবিস-২ কর্মকর্তা/কর্মচারীদের নিয়ে পবিস এর কার্যক্রম পর্যবেক্ষণ, মূল্যায়ন ও পরিদর্শন উপলক্ষে বগুড়া পবিস-১ এর প্রশিক্ষণ কক্ষে এক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাপবিবোর্ডের সদস্য (সমিতি ব্যপস্থাপনা) মোঃ ইমদাদুল ইসলাম এবং বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পবিস ব্যঃ ও পঃ (উঃ অঃ) পরিদপ্তরের পরিচালক মুহাম্মদ মতিউর রহমান। আরও উপস্থিত ছিলেন বগুড়া পবিস-১ এর সিনিয়র জেনারেল ম্যানেজার প্রকৌশলী মোঃ আবদুল মতিন, বগুড়া পবিস-২ এর জেনারেল ম্যানেজার মোঃ খালেকুজ্জামান এবং বাপবিবোর্ডের প্রকল্প বিভাগ, বগুড়া এর নির্বাহী প্রকৌশলী (চঃ দাঃ) খন্দকার খাদেমুল ইসলাম। সভায় অতিথিগণ পবিস এর উন্নয়নকল্পে দিকনির্দেশনামূলক বক্তব্য পেশ করেন।

## দিনাজপুর পবিস-২ এর বিশেষ স্টাফ সভা




বিশেষ স্টাফ সভায় বক্তব্য রাখেন পবিস ব্যঃ ও পঃ (উঃ অঃ) পরিদপ্তরের পরিচালক মুহাম্মদ মতিউর রহমান।

গত ১৭ মার্চ দিনাজপুর পবিস-২ এর প্রশিক্ষণ কক্ষে বিশেষ স্টাফ সভা অনুষ্ঠিত হয়। উক্ত স্টাফ সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মুহাম্মদ মতিউর রহমান, পরিচালক (চঃ দাঃ), পবিস ব্যবস্থাপনা পরিচালন (উঃ অঃ) পরিদপ্তর এবং বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মোঃ আনোয়ার হোসেন, উপ-পরিচালক, পবিস ব্যবস্থাপনা পরিচালন (উঃ অঃ) পরিদপ্তর, পবিস এর জেনারেল ম্যানেজার (অঃ দাঃ) প্রকৌশলী সন্তোষ কুমার সাহা এবং পবিস এর সকল কর্মকর্তা/কর্মচারীবৃন্দ। সভায় পরিচালক মুহাম্মদ মতিউর রহমান সমিতির বিভিন্ন কার্যক্রম সম্পর্কে দিকনির্দেশনামূলক বক্তব্য রাখেন এবং সকলকে নিষ্ঠা ও আন্তরিকতার সাথে ২০১৮ সালের মধ্যে মাননীয় প্রধানমন্ত্রীর অঙ্গীকার মোতাবেক শতভাগ বিদ্যুতায়নের কার্যক্রমকে সফলভাবে সম্পন্ন করার পরামর্শ প্রদান করেন। অপরদিকে গত ৩০ মার্চ দিনাজপুর পবিস-২ এর বিরামপুর উপজেলার জোতবানী ইউনিয়নের শিবপুর উচ্চ বিদ্যালয়ে গ্রাহক সচেতনতামূলক মোটিভেশন সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় পবিস এর বিভিন্ন কার্যক্রম ও ঘুষ, দুর্নীতি এবং দালাল প্রতিরোধে সকলের সহযোগিতা চেয়ে বক্তব্য রাখেন পবিস এর জেনারেল ম্যানেজার (অঃ দাঃ) প্রকৌশলী সন্তোষ কুমার সাহা।

## মাদারীপুর পবিস এর উদ্যোগে গ্রাম শুভ বিদ্যুতায়ন




সুইচ টিপে বিদ্যুতায়নের শুভ উদ্বোধন করেন মাননীয় সংসদ সদস্য আ.ফ.ম. বাহাউদ্দিন নাছিম।

'শেখ হাসিনার উদ্যোগ-ঘরে ঘরে বিদ্যুৎ'-এই স্লোগানকে সামনে রেখে মাদারীপুর পল্লী বিদ্যুৎ সমিতি কালকিনি উপজেলার আলীনগর এলাকার দক্ষিণ কানাইপুর গ্রামে ৭৭টি পরিবারে শুভ বিদ্যুতায়ন সম্পন্ন করেছে। এ উপলক্ষে সমিতির কালকিনি সাব-জোনাল অফিসের উদ্যোগে গত ১৩ জুন আয়োজিত উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জাতীয় সংসদের মাদারীপুর-৩ আসনের মাননীয় সংসদ সদস্য আ.ফ.ম. বাহাউদ্দিন নাছিম। আলীনগর এলাকার ইউপি চেয়ারম্যান হাফিজুর রহমানের সভাপতিত্বে অনুষ্ঠিত উদ্বোধনী অনুষ্ঠানে এলাকার গণ্যমান্য ব্যক্তিবর্গসহ বিদ্যুৎ সংযোগপ্রাপ্ত সম্মানিত গ্রাহকবৃন্দ উপস্থিত ছিলেন।

## শরীয়তপুর পবিসে মতবিনিময় সভায় বাপবিবোর্ডের সদস্য (সমিতি ব্যবস্থাপনা)




মতবিনিময় সভায় বাপবিবোর্ডের সদস্য (সমিতি ব্যবস্থাপনা) মোঃ ইমদাদুল ইসলাম।

গত ১১ মে বাপবিবোর্ডের সদস্য (সমিতি ব্যবস্থাপনা) মোঃ ইমদাদুল ইসলাম শরীয়তপুর পবিস পরিদর্শন করেন। এ সময় তাঁর সাথে উপস্থিত ছিলেন বাপবিবোর্ডের পবিস উঃ ও পঃ (দঃ অঃ) পরিদপ্তরের উপ-পরিচালক ঢালী ইউসুফ আহমেদ। মোঃ ইমদাদুল ইসলাম পবিস এর কর্মকর্তা এবং সুপারভাইজারগণের সাথে মতবিনিময় সভায় মিলিত হন। সভায় সিস্টেম লস হ্রাসকরণ, বকেয়া আদায়, নতুন গ্রাহক সংযোগ ও নিরাপত্তার ব্যাপারে সদস্য মহোদয় গুরুত্বপূর্ণ নির্দেশনা প্রদান করেন।

## জাতীয় শুদ্ধাচার পুরস্কার প্রদান নীতিমালার আলোকে শুদ্ধাচার পুরস্কার প্রদান

সরকারী নির্দেশনা বাস্তবায়নের লক্ষ্যে জাতীয় শুদ্ধাচার পুরস্কার প্রদান নীতিমালা-২০১৭ এর আলোকে বিগত দুই অর্থ বছরের জন্য বাপবিবোর্ডে শুদ্ধাচার পুরস্কার প্রদান করা হয়েছে। ২০১৫-২০১৬ অর্থ বছরের জন্য বাপবিবোর্ডের ক্ষেত্রে ১ জন কর্মকর্তা ও ১ জন কর্মচারী ও মাঠপর্যায়ের ক্ষেত্রে ১ জন জেনারেল ম্যানেজার এবং ২০১৬-২০১৭ অর্থ বছরের জন্য বাপবিবোর্ডের ক্ষেত্রে ১ জন কর্মকর্তা ও ১ জন কর্মচারী ও মাঠপর্যায়ের ক্ষেত্রে ১ জন জেনারেল ম্যানেজারকে শুদ্ধাচার পুরস্কার প্রদান করা হয়েছে। এছাড়া, ২০১৫-২০১৬ অর্থ বছরের জন্য ৭৯টি পবিসের ১৫৮জন কর্মকর্তা/কর্মচারী এবং ২০১৬-২০১৭ অর্থ বছরের জন্য ৮০টি পবিসের ১৬০ জন কর্মকর্তা/কর্মচারীকে শুদ্ধাচার

পুরস্কারের জন্য মনোনীত করা হয়েছে। পুরস্কার হিসেবে কর্মকর্তা/কর্মচারীগণকে এক মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ ও একটি সার্টিফিকেট প্রদান করা হবে।

## একনজরে বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড

স্বাধীনতার স্থপতি জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের নেতৃত্বে ১৯৭২ সালে রচিত মহান সংবিধানের ১৬নং অনুচ্ছেদে নগর ও গ্রামাঞ্চলের জীবনযাত্রার মানের বৈষম্য ক্রমাগতভাবে দূর করার উদ্দেশ্যে বিদ্যুতায়নসহ গ্রামাঞ্চলের আমূল রূপান্তর সাধনের জন্য অঙ্গীকার করা হয়েছে। এরই ধারাবাহিকতায় পল্লীর জনগণের দোরগোড়ায় বিদ্যুৎ সুবিধা পৌঁছানোর লক্ষ্যে বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড প্রতিষ্ঠা করা হয়। এ প্রতিষ্ঠান কর্তৃক সফলভাবে জুন ২০১৭ খ্রিঃ পর্যন্ত দেশের ৪৬০টি উপজেলায় ৮০টি পল্লী বিদ্যুৎ সমিতি এলাকায় মোট ৩ লক্ষ ৫১ হাজার কিঃমিঃ লাইন ও ৮,৭৩০ এমভিএ ক্ষমতা সম্পন্ন ৭৮৮টি বৈদ্যুতিক উপকেন্দ্র নির্মাণের মাধ্যমে দেশের ৬৯,৭৭২টি গ্রাম বিদ্যুতায়ন করা হয়েছে। ইতোমধ্যে ৩ লক্ষ ৮৪ হাজার সেচ পাম্পসহ বিভিন্ন শ্রেণীর ১ কোটি ৯২ লক্ষ গ্রাহক/পরিবারকে বিদ্যুৎ সংযোগ প্রদান করা হয়েছে।

| | | |
|---|---|---|
| পল্লী বিদ্যুৎ সমিতির সংখ্যা | ঃ | ৮০টি |
| বিতরণ লাইন | ঃ | ৩ লক্ষ ৫১ হাজার কিঃ মিঃ |
| গ্রাহক সংখ্যা | ঃ | ১ কোটি ৯২ লক্ষ |
| সেচ গ্রাহক সংখ্যা | ঃ | ৩ লক্ষ ৮৪ হাজার |
| বিদ্যুৎ সুবিধাভোগী | ঃ | ৭২% |
| ৩৩/১১ কেভি উপকেন্দ্র | ঃ | ৭৮৮ (৮,৭৩০ এমভিএ) |
| সিস্টেম লস | ঃ | ১১.৪৪% |
| বকেয়া | ঃ | ১.১৩ মাস |

## সিরাজগঞ্জ পবিস-২ এর উদ্যোগে ৫১২ পরিবারে বিদ্যুৎ সংযোগ প্রদান



সুইচ টিপে বিদ্যুতায়নের শুভ উদ্বোধন করেন মাননীয় সংসদ সদস্য।

সিরাজগঞ্জ পবিস-২ এর উদ্যোগে বেলকুচি উপজেলার দু'টি গ্রামে ৫১২ পরিবারে বিদ্যুৎ সংযোগ প্রদান করা হয়েছে। এছাড়া, ৮টি বাণিজ্যিক ও ৬টি সেচ সংযোগ প্রদান করা হয়েছে। গত ১৭ জুন এ উপলক্ষে উপজেলার দেলুয়া গ্রামের ঈদগাঁ মাঠে আয়োজিত উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জাতীয় সংসদের মাননীয় সংসদ সদস্য আব্দুল মজিদ মন্ডল। পবিস এর আওতাধীন সদর ইউনিয়নের দেলুয়া গ্রামে ও ধুকুরিয়াবেড়া ইউনিয়নের খাস খামার উল্লাপাড়া গ্রামে ১ কোটি ৫১ লাখ ৬৪ হাজার ৭শ' টাকা ব্যয়ে ৬.১৬৩ কিলোমিটার লাইন নির্মাণ করে এ সংযোগ প্রদান করা হয়।

## ক্রীসকপ এর উদ্যোগে কৃতি শিক্ষার্থীদের বৃত্তি প্রদান

বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ডের ক্রীড়া, সংস্কৃতি ও কল্যাণ পরিষদের উদ্যোগে ২০১৬ শিক্ষাবর্ষের জন্য বাপবিবোর্ডের রাজস্ব খাতভুক্ত কর্মকর্তা/কর্মচারীগণের সন্তানদের মধ্যে বৃত্তি প্রদান করা হয়েছে। ২১০৬ সালে অনুষ্ঠিত এইচএসসি/এসএসসি/জেএসসি/পিএসসি পরীক্ষায় জিপিএ-৫ (গোল্ডেন) এবং জিপিএ-৫ প্রাপ্ত মোট ৭৫ জন কৃতি শিক্ষার্থীকে এ বৃত্তি প্রদান করা হয়েছে। এইচএসসিতে গোল্ডেন জিপিএ-৫ প্রাপ্ত ৪ জন এবং জিপিএ-৫ প্রাপ্ত ৭ জন, এসএসসিতে গোল্ডেন জিপিএ-৫ প্রাপ্ত ৭ জন, জিপিএ-৫ প্রাপ্ত ৯ জন এবং জেএসসিতে গোল্ডেন জিপিএ-৫ প্রাপ্ত ৯ জন এবং জিপিএ-৫ প্রাপ্ত ১৫ জন, পিএসসিতে গোল্ডেন জিপিএ-৫ প্রাপ্ত ২৪ জন শিক্ষার্থীকে বৃত্তি প্রদান করা হয়েছে। বৃত্তি হিসেবে গোল্ডেন জিপিএ-৫ প্রাপ্ত কৃতি শিক্ষার্থীগণকে অর্থ পুরস্কার ও প্রশংসাপত্র এবং জিপিএ-৫ প্রাপ্ত কৃতি শিক্ষার্থীগণকে অর্থ পুরস্কার প্রদান করা হয়।

## নওগাঁ পবিস-১ এর বিশেষ স্টাফ সভা অনুষ্ঠিত



বিশেষ স্টাফ সভায় মঞ্চে উপস্থিত সদস্য (সমিতি ব্যবস্থাপনা) মোঃ ইমদাদুল ইসলাম।

গত ৬ মে জেনারেল ম্যানেজার মোঃ এনামুল হক প্রামানিক এর সভাপতিত্বে নওগাঁ পবিস-১ এর বিশেষ স্টাফ সভা সমিতির সদর দপ্তরে অনুষ্ঠিত হয়। উক্ত সভায় বাপবিবোর্ডের সদস্য (সমিতি ব্যবস্থাপনা) মোঃ ইমদাদুল ইসলাম, প্রধান প্রকৌশলী মোঃ আব্দুস সালাম এবং পবিস ব্যঃ ও পঃ (উঃ অঃ) পরিদপ্তরের পরিচালক মুহাম্মদ মতিউর রহমান উপস্থিত ছিলেন। সভায় জেনারেল ম্যানেজার

পবিস এর লাইনম্যান ও অন্যান্য কর্মচারী যারা পে-স্কেলের দাবিতে শৃঙ্খলা পরিপন্থী কার্যক্রমে জড়িত ছিল তাদেরকে অর্থাৎ মোট ৫৩ জন কর্মচারীকে KPI/PTA বোনাস প্রদান করা হয়নি বলে জানান। বর্ণিত কর্মচারীগণের মধ্যে ৪৬ জনকে সতর্কপত্র প্রদান করে বাপবিবো কর্তৃক বিষয়টি নিষ্পত্তি করা হয় বিধায় তাদেরকে বিশেষ বিবেচনায় KPI/PTA বোনাস প্রদান করার অনুমতি প্রদানের জন্য অনুরোধ জানানো হয়। সদস্য (সমিতি ব্যবস্থাপনা) মহোদয় তাঁর বক্তব্যে ১-৭ দিনের মধ্যে আবাসিক, ১-২৮ দিনের মধ্যে শিল্প সংযোগ দেওয়ার পরামর্শ প্রদান করেন। অসম্পূর্ণ আবেদনের জন্য টাকা জমা না নিয়ে আবেদনটি ভালভাবে দেখে টাকা জমা নিতে হবে এবং ৩ দিনের মধ্যে উপদেষ্টা প্রতিষ্ঠানের মতামতসহ সদস্য সেবা বিভাগে ফেরত দিবে মর্মে নির্দেশনা প্রদান করেন। এছাড়া, তিনি লাইন চেক করে লাইন চালু করার নির্দেশ প্রদান করেন। সর্বোপরি KPI/PTA অর্জনের জন্য সকলকে আন্তরিকভাবে কাজ করার জন্য নির্দেশ প্রদান করেন।

## নওগাঁ পবিস-২ এর উদ্যোগে গ্রাম শুভ বিদ্যুতায়ন




ধামইরহাটে রামরামপুর (তেলীপাড়া) গ্রামের ১৮০টি পরিবারের মাঝে বিদ্যুৎ সংযোগের উদ্বোধন করেন জাতীয় সংসদের হুইপ শহীদুজ্জামান সরকার, এমপি।

গত ৩ জুন নওগাঁ পবিস-২ এর উদ্যোগে নওগাঁ জেলার ধামইরহাটের রামরামপুর (তেলীপাড়া) গ্রামে ১৮০টি পরিবারে নতুন বিদ্যুৎ সংযোগের শুভ উদ্বোধন করা হয়। এ উপলক্ষে তেলীপাড়া নূরানী মাদ্রাসা প্রাঙ্গণে আয়োজিত এক আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে এ বিদ্যুতায়নের শুভ উদ্বোধন করেন জাতীয় সংসদের মাননীয় হুইপ শহীদুজ্জামান, এমপি। এ অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন উপজেলা নির্বাহী অফিসার মোহাম্মদ সফিউজ্জামান ভুইয়া, ওসি রকিবুল ইসলাম, অধ্যক্ষ মোঃ শহিদুল ইসলাম এবং এলাকার গণ্যমান্য ব্যক্তিবর্গসহ বিদ্যুৎ সংযোগপ্রাপ্ত সম্মানিত গ্রাহকবৃন্দ। প্রধান অতিথি তাঁর বক্তব্যে বলেন, আওয়ামী লীগ সরকার ছাড়া এদেশের কাঙ্ক্ষিত উন্নয়ন সম্ভব নয়। এই ১৮০টি পরিবারে বিদ্যুৎ সংযোগ প্রদানের জন্য ৩৩ লক্ষ টাকা ব্যয়ে ২ কি.মি. এর অধিক লাইন নির্মাণ করা হয়।

## দিনাজপুর পবিস-২ এর ব্যবস্থাপনা ও পরিচালন নিরীক্ষা পর্যালোচনা সভা অনুষ্ঠিত।



ব্যবস্থাপনা ও পরিচালন নিরীক্ষা সভায় বাপবিবো চেয়ারম্যান মেজর জেনারেল মঈন উদ্দিন।

গত ৫ মে দিনাজপুর পবিস-২ এর ব্যবস্থাপনা ও পরিচালন নিরীক্ষা পর্যালোচনা সভা সমিতির সদর দপ্তরস্থ বোর্ড রুমে অনুষ্ঠিত হয়। উক্ত সভায় সভাপতিত্ব করেন বাপবিবোর্ডের চেয়ারম্যান মেজর জেনারেল মঈন উদ্দিন। আরও উপস্থিত ছিলেন সদস্য (অর্থ), সদস্য (সমিতি ব্যবস্থাপনা), সদস্য (ডিএন্ডও), প্রধান প্রকৌশলী (পওপ), তত্ত্বাবধায়ক প্রকৌশলী (প্রকল্প) বিভিন্ন দপ্তরের পরিচালক, উপ-পরিচালকগণ, নির্বাহী প্রকৌশলী এবং সমিতির সকল স্তরের কর্মকর্তাবৃন্দ।

চেয়ারম্যান মহোদয় সমিতির ক্যাম্পাসে উপস্থিত হয়ে প্রথমে ক্যাম্পাস প্রাঙ্গণে দিনাজপুরের ঐতিহ্যবাহী হাড়িভাঙ্গা আমের চারা রোপন করেন। এরপর বিকাল ৪:০০ ঘটিকায় পর্যালোচনা সভা শুরু করেন। সভার শুরুতেই সমিতির অগ্রগতির ধারা, ভবিষ্যৎ পরিকল্পনা, সিস্টেম লস হ্রাসকল্পে গৃহীত পদক্ষেপসহ বিভিন্ন কর্মকাণ্ড পাওয়ার পয়েন্টের মাধ্যমে উপস্থাপন করা হয় এবং এতদ্বিষয়ে বিস্তারিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়। এরপর সমিতির ব্যবস্থাপনা ও পরিচালন নিরীক্ষায় প্রাপ্ত আপত্তি সমূহের উপরে বিস্তারিত আলোচনা করা হয়। আপত্তি সমূহের বিষয়ে দায়ী কর্মকর্তা/কর্মচারীদের সনাক্তপূর্বক বিভাগীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভাপতি মহোদয় তাৎক্ষণিক নির্দেশনা প্রদান করেন। সমিতির সিস্টেম লস হ্রাসকরণ, বকেয়া আদায়, ব্যয় সাশ্রয়, আয় বৃদ্ধি গ্রাহক হয়রানী বন্ধ, ঘুষ/দূর্নীতি প্রতিরোধসহ সর্বোচ্চ গ্রাহক সেবা নিশ্চিত করার জন্য সংশ্লিষ্টদের নির্দেশনা প্রদান করেন এবং আগামী ৬ মাসের মধ্যে প্রাপ্ত আপত্তি সমূহের অগ্রগতি পূনঃ নিরীক্ষা করণের জন্য সংশ্লিষ্টদের নির্দেশনা প্রদান করেন।

## আলোকচিত্রে বাপবিবোর্ডের কার্যক্রম




সেরা কর্মকর্তা হিসেবে শুদ্ধাচার পুরস্কার গ্রহণ করেন মোঃ দহিদুল ইসলাম, পরিচালক (প্রশাসন), বাপবিবো



ISO সনদপত্র গ্রহণ করেন ফেনী পবিস এর জেনারেল ম্যানেজার



মাঠ পর্যায়ের সেরা কর্মকর্তা হিসেবে শুদ্ধাচার পুরস্কার গ্রহণ করেন মোঃ আবু বকর সিদ্দিকী, জেনারেল ম্যানেজার, চট্টগ্রাম পবিস-২



## বাপবিবোর্ডের নতুন সদস্য (বিতরণ ও পরিচালন) এর পদায়ন

গত ১০ জুলাই বাপবিবোর্ডে সদস্য (বিতরণ ও পরিচালন) হিসেবে যোগদান করেন মোঃ মোস্তফা কামাল। তিনি ২৭ নভেম্বর, ১৯৮৩ খ্রিস্টাব্দ বাপবিবোর্ডে সহকারী প্রকৌশলী হিসেবে যোগদান করেন। তিনি ১৮ ডিসেম্বর ১৯৯৫ খ্রিঃ তারিখে নির্বাহী প্রকৌশলী, ২১ সেপ্টেম্বর ২০১১ খ্রিঃ তারিখে তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ১২ জুন ২০১৬ খ্রিঃ তারিখে প্রধান প্রকৌশলী এবং ২২ ফেব্রুয়ারি ২০১৭ খ্রিঃ তারিখে সদস্য (পরিকল্পনা ও উন্নয়ন) পদে পদোন্নতি লাভ করেন। সুদীর্ঘ কর্মজীবনে তিনি বিভিন্ন দপ্তর/পরিদপ্তরে দক্ষতার সাথে দায়িত্ব পালন করেন। মোঃ মোস্তফা কামাল ১৯৮২ সালে বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় থেকে বিএসসি ইন ইঞ্জিনিয়ারিং (ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক্স) ডিগ্রি লাভ করেন। ব্যক্তি জীবনে তিনি বিবাহিত এবং ১ ছেলে ও ১ মেয়ের জনক।



## বাপবিবোর্ডের নতুন সদস্য (পরিকল্পনা ও উন্নয়ন) এর পদায়ন

গত ২৪ জুলাই বাপবিবোর্ডে সদস্য (পরিকল্পনা ও উন্নয়ন) হিসেবে যোগদান করেন মুঃ আবদুস সালাম। তিনি ১৬ সেপ্টেম্বর, ১৯৮৫ খ্রিস্টাব্দ বাপবিবোর্ডে সহকারী প্রকৌশলী হিসেবে যোগদান করেন। গত ২৭ ফেব্রুয়ারি ২০১৭ ইং প্রধান প্রকৌশলী পদে চলতি দায়িত্বে পদোন্নতি লাভ করেন। সুদীর্ঘ কর্মজীবনে তিনি বিভিন্ন দপ্তর/পরিদপ্তরে দক্ষতার সাথে দায়িত্ব পালন করেন। মুঃ আবদুস সালাম বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় থেকে বিএসসি ইন ইঞ্জিনিয়ারিং (ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক্স) ডিগ্রি লাভ করেন। ব্যক্তি জীবনে তিনি বিবাহিত এবং ২ মেয়ের জনক।

## বাপবিবোর্ডের নতুন প্রধান প্রকৌশলী (প ও প) এর পদায়ন

বাপবিবোর্ডের পরিচালক (কারিগরী) এস এম জাফর সাদেক গত ২৭ জুলাই প্রধান প্রকৌশলী (প ও প) হিসেবে পদোন্নতি লাভ করেন। জাফর সাদেক ১০ এপ্রিল ১৯৮৬ খ্রিস্টাব্দে সহকারী প্রকৌশলী হিসেবে বাপবিবোর্ডে যোগদান করেন। তিনি খুলনা



প্রকৌশল কলেজ থেকে তড়িৎ কৌশলে স্নাতক ডিগ্রি লাভ করেন। পরবর্তীতে তিনি এমবিএ ডিগ্রি অর্জন করেন। বাপবিবোর্ডে সুদীর্ঘ ৩২ বছরের কর্মজীবনে তিনি বিভিন্ন দপ্তর/পরিদপ্তরে কর্মরত থেকে কাজের অভিজ্ঞতা অর্জন করেন। ব্যক্তি জীবনে তিনি বিবাহিত এবং ২ সন্তানের জনক।



## বাপবিবোর্ডের সদস্য (বিতরণ ও পরিচালন) মোঃ মিজানুর রহমান খান এর অবসর গ্রহণ

বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড সদস্য (বিতরণ ও পরিচালন) মোঃ মিজানুর রহমান খান ১৯৮২ সালের ২৩ এপ্রিল সহকারী প্রকৌশলী হিসেবে চাকরিতে যোগদান করেন। তিনি ১৯৯০ সালের ২৫ নভেম্বর নির্বাহী প্রকৌশলী, ২০১১ সালের ২৫ এপ্রিল পরিচালক (কারিগরী), ২০১৬ সালের ৪ এপ্রিল প্রধান প্রকৌশলী (প্রকল্প) এবং ২০১৬ সালের ৫ মে সদস্য (বিতরণ ও পরিচালন) হিসেবে বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ডে পদোন্নতি লাভ করেন। মোঃ মিজানুর রহমান ২০১৭ সালের ২৯ জুন সদস্য (বিতরণ ও পরিচালন) পদ থেকে অবসর গ্রহণ করেন। ব্যক্তি জীবনে তিনি বিবাহিত এবং তিনি এক ছেলে এবং এক মেয়ের জনক। মোঃ মিজানুর রহমান খান ১৯৮১ সালে রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় থেকে বি.এস.সি ইন ইঞ্জিনিয়ারিং (মেকানিক্যাল) ডিগ্রী লাভ করেন। তিনি দীর্ঘ ৩৫ বছর এ সংস্থায় চাকরি করেন।

## সিনিয়র জেনারেল ম্যানেজার মোঃ নজরুল ইসলাম খান এর অবসর গ্রহণ



সিনিয়র জেনারেল ম্যানেজার মোঃ নজরুল ইসলাম খান ১৯৮৪ সালের ১২ ডিসেম্বরে এজিএম (এমএস) হিসেবে চাকরিতে যোগদান করেন। তিনি ১৯৯৬ সালের ১৩ জুলাই জেনারেল ম্যানেজার পদে পদোন্নতি লাভ করেন এবং ২০১৪ সালের ১৯ আগস্ট সিনিয়র জেনারেল ম্যানেজার পদে পদোন্নতি পান। তিনি ২০১৭ সালের ১৪ জুন সিনিয়র জেনারেল ম্যানেজার পদ থেকে অবসর গ্রহণ করেন। তাঁর সর্বশেষ কর্মস্থল ছিল কুমিল্লা পবিস-১। ব্যক্তি জীবনে তিনি বিবাহিত এবং তিনি এক কন্যা সন্তানের জনক। তিনি দীর্ঘ ৩২ বছর ৬ মাস পল্লী বিদ্যুৎ সমিতিতে চাকরি করেন।

## জেনারেল ম্যানেজার দিলীপ চন্দ্র সরকার এর অবসর গ্রহণ



জেনারেল ম্যানেজার দিলীপ চন্দ্র সরকার ১৯৮৯ সালের ১১ নভেম্বরে এজিএম (অর্থ) হিসেবে চাকরিতে যোগদান করেন। তিনি ২০১৫ সালের ২৯ অক্টোবর জেনারেল ম্যানেজার পদে পদোন্নতি লাভ করেন এবং ২০১৭ সালের ৩১ মে জেনারেল ম্যানেজার পদ থেকে অবসর গ্রহণ করেন। তাঁর সর্বশেষ কর্মস্থল ছিল সিলেট পবিস-২। ব্যক্তি জীবনে তিনি বিবাহিত এবং তিনি এক কন্যা ও এক পুত্র সন্তানের জনক। তিনি দীর্ঘ ২৭ বছর ৬ মাস পল্লী বিদ্যুৎ সমিতিতে চাকরি করেন।

## কৃতি শিক্ষার্থী



যুথী শ্রী নিতু ফেনী গার্লস ক্যাডেট কলেজ হতে ২০১২ সনে JSC গোল্ডেন A+ সহ সাধারণ গ্রেডে বৃত্তি ও ২০১৬ সনে HSC তে A+ পেয়ে বর্তমানে চীনের রাজধানী বেইজিং এ গভর্মেন্ট লিওনিং ইন্টারন্যাশনাল মেডিকেল ইউনিভার্সিটিতে অধ্যায়নরত আছে। তার পিতা ভজন চন্দ্র দাস টাঙ্গাইল পল্লী বিদ্যুৎ সমিতির মিটার মেকানিক কাম সুপারভাইজার এবং মাতা চম্পা রানী সেন একজন গৃহিণী।

বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, জনসংযোগ পরিদপ্তর, সদর দপ্তর, নিকুঞ্জ-২, খিলক্ষেত, ঢাকা-১২২৯ কর্তৃক প্রকাশিত
ফোন ঃ ৮৯০০৩১৭, পিএবিএক্স ঃ ৫৮৯৫৬৪২২, ৫৮৯৫৬৪২৪, ৫৮৯৫৬৪২৭-৯, ৮৯০০৩১৬, ৮৯০০৩৩১, ৮৯০৩৩৫
ফ্যাক্স ঃ ৮৮-০২-৮৯০০৬১১, ই-মেইল ঃ dirpublicrelabreb1977@gmail.com